



একই স্মারক ও তারিখের সংশোধিত পত্র

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jashoreboard.gov.bd

স্মারক নং-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/২/৯০

তারিখ : ২৯-০৮-২০২৪খ্রি.

বিষয় : ৬ষ্ঠ শ্রেণি ২০২৩ ও ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে (এসএসসি ২০২৫) শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড অনলাইন থেকে প্রিন্ট করা প্রসঙ্গে।

এ বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবগত করা যাচ্ছে যে, ৬ষ্ঠ শ্রেণি ২০২৩ ও ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে (এসএসসি ২০২৫) শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড অনলাইনে প্রদান করা হবে। উক্ত নিবন্ধন কার্ড ০২-০৯-২০২৪খ্রি. তারিখ হতে ০১-১০-২০২৪খ্রি তারিখের মধ্যে অনলাইন থেকে প্রিন্ট করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং নিম্নে উল্লেখিত পদ্ধতিতে ০২-০৯-২০২৪খ্রি. তারিখ হতে ১১-০৯-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত সংশোধন ফি ব্যতীত এবং ১২-০৯-২০২৪ খ্রি. তারিখ হতে ২০২৩-২০২৪ (এসএসসি ২০২৫) ৮০০/- (আটশত) টাকা করে এবং ৬ষ্ঠ শ্রেণি ২০২৩ শিক্ষাবর্ষে ২০০/- (দুইশত) টাকা করে ফি দিয়ে নিবন্ধন কার্ড সংশোধন করার জন্য অনুরোধ করা হলো।

(ক) ৬ষ্ঠ শ্রেণি ২০২৩ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড অনলাইন থেকে প্রিন্ট করার নিয়মাবলি নিম্নরূপ:

* যশোর বোর্ডে ওয়েবসাইটে (www.jashoreboard.gov.bd) ভিজিট করুন

* Our Services থেকে Institute Panel বাটনে ক্লিক করুন।

* * প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করুন।

* বামপাশের মেন্যুবার থেকে Registration → Six 2023 মেন্যুতে ক্লিক করে নিবন্ধন কার্ড প্রিন্ট করুন।

(খ) ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে (এসএসসি ২০২৫) শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড অনলাইন থেকে প্রিন্ট করার নিয়মাবলি নিম্নরূপ:

* যশোর বোর্ডে ওয়েবসাইটে (www.jashoreboard.gov.bd) ভিজিট করুন

* Click SSC 2023-2024 Reg Card Print (From Our Services)

* Login With EIIN & Password

* Choice Different Types of Print Menu

(গ) ৬ষ্ঠ শ্রেণি ২০২৩ সালের নিবন্ধন কার্ডে নাম, পিতার নাম, মাতার নাম, ছবি ও জন্ম তারিখ এবং ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের (এসএসসি ২০২৫) শাখা, বিষয়, ও ছবি সংশোধনের নিয়মাবলি নিম্নরূপ:

* যশোর বোর্ডে ওয়েবসাইটে (www.jashoreboard.gov.bd) ভিজিট করুন

* বামপাশে Our Service থেকে Institute Panel বাটনে ক্লিক করুন।

* প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করুন।

* বামপাশের মেন্যু থেকে Registration Corrcetion → Six 2023 মেন্যুতে ক্লিক করুন।

* বামপাশের মেন্যুবার থেকে (এসএসসি ২০২৫) Group, Subject & Photo Change → Create Application মেন্যুতে ক্লিক করুন।

* শ্রেণি নির্বাচন করে শিক্ষার্থীর Student ID দিয়ে Find বাটনে ক্লিক করুন।

* ফরমটি যথাযথভাবে পূরণ করে Submit করুন।

* Print Sonali Sheba বাটনে ক্লিক করে সোনালী সেবা প্রিন্ট করে সোনালী ব্যাংকে ফিস জমা করুন।

(ঘ) ৬ষ্ঠ শ্রেণি ২০২৩ সালের নিবন্ধন কার্ডে নাম, পিতার নাম, মাতার নাম, ছবি ও জন্ম তারিখে কোন প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে সংশোধনসহ ফ্রেশ নিবন্ধন বাবদ শিক্ষার্থী প্রতি = ২০০/- (দুইশত) টাকা ফিস প্রদান করে অবশ্যই সংশোধন করে নিতে হবে। অন্যথায় নির্ধারিত সময়ের মধ্যে ভুল সংশোধন না করলে তার সকল দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।

(ঙ) ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে (এসএসসি ২০২৫) সালের নিবন্ধন কার্ডে ছবি, বিভাগ, বিষয় কোডে কোন প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে সংশোধনসহ ফ্রেশ নিবন্ধন বাবদ শিক্ষার্থী প্রতি = ৮০০/- (আটশত) টাকা ফিস প্রদান করে পরীক্ষা শুরুর পূর্ব দিনের মধ্যে অবশ্যই সংশোধন করে নিতে হবে। পরীক্ষা শুরুর পর এতদসংক্রান্ত কোনভাবেই সংশোধন করা যাবে না। নির্ধারিত সময়ের মধ্যে ভুল সংশোধন না করলে তার সকল দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক

এ বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

Shamun
০২/০৯/২০২৪

মোঃ সিরাজুল ইসলাম

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ২। উপ-পরিচালক (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৫। উপজেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। সংরক্ষণ নথি।

A. Al
০১-৯-২০২৪

(মোঃ আহসান আলীম)

উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

ফোন : ০২৪৭৭৭৬২৭২৮

মোবাইল : ০১৭২১-৭৫৭০৭৮